

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১০৩৪

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২০০. কেউ দু' রাক'আতের পর তাশাহ্হদ না পড়েই দাঁড়িয়ে গেলে

باب مَنْ قَامَ مِنْ ثِنْتَيْن وَلَمْ يَتَشَهَّدْ

আরবী

حَدَّثَنَا الْقَعْنَبِيُّ، عَنْ مَالِكِ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ الأَعْرَجِ، عَنْ عَبْدِ اللهِ ابْنِ بُحَيْنَةَ، أَنَّهُ قَالَ صَلَّى لَنَا رَسُولُ اللهِ صلى الله عليه وسلم رَكْعَتَيْنِ ثُمَّ قَامَ فَلَمْ يَجْلِسْ فَقَامَ النَّاسُ مَعَهُ فَلَمَّا قَضَى صَلَاتَهُ وَانْتَظَرْنَا التَّسْلِيمَ كَبَّرَ فَسَجَدَ سَجْدَتَيْنِ وَهُوَ جَالِسٌ قَبْلُ التَّسْلِيم ثُمَّ سَلَّمَ صلى الله عليه وسلم .

_ صحيح : ق

বাংলা

১০৩৪। 'আবদুল্লাহ ইবনু বুহাইনাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে নিয়ে সালাত আদায় করলেন। তিনি দু' রাক'আত আদায় করে (তাশাহহুদের জন্য) না বসেই দাঁড়িয়ে গেলেন। লোকেরাও তাঁর সাথে দাঁড়িয়ে গেল। সালাত শেষে আমরা যখন সালামের অপেক্ষায় ছিলাম তখন তিনি তাকবীর বলে সালামের পূর্বে বসা অবস্থায় দু'টি সিজদা্ করলেন, তারপর সালাম ফিরালেন।[1]

সহীহ : বুখারী ও মুসলিম।

English

Narrated Abdullah ibn Buhaynah:

The Messenger of Allah () led us in prayer praying two rak'ahs. When he stood up and did not sit (at the end of two rak'ahs) the people stood up along with him. When he finished the prayer and we expect him to give the salutation, he said: "Allah is most great." While sitting and made two



prostrations before giving the salutation. Then he gave it.

ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : আযান, অনুঃ যারা প্রথম বৈঠকে তাশাহহুদ ওয়াজিব নয় বলে মনে করেন, হাঃ ৮২৯), মুসলিম (অধ্যায় : মাসাজিদ, অনুঃ সালাত আদায়ে ভুল হলে এবং সাহু সিজদা করা) ইবনু শিহাব হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ্ ইবনু বুহায়নাহ্ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন